

# পড়া, দাওয়াত এবং ইসলামী ক্লাশ নেয়া

শাহ আব্দুল হান্নান

আমার বিগত ৫০ বছরের দাওয়াতের অভিজ্ঞতার আলোকে আমি একটি প্লান করেছি। কীভাবে একজন দা'ঈ জ্ঞানের বিচারে একটি গ্রহণযোগ্য মানে নিজেকে উন্নত করতে পারে এবং ইসলামের বাণীকে ছড়িয়ে দেয়ার যোগ্য হতে পারে।

এর সাথে সে যেন ছোট ছোট গ্রুপে ক্লাস নিতে পারে যাদেরকে অভিজ্ঞ ও সক্রিয় মুসলিম হিসেবে গড়ে তুলতে পারে। এই প্লানের নিম্নলিখিত কয়েকটি ধাপ বলে দেয়া হচ্ছে-

১. প্রথমেই এক বছরের মধ্যে সম্পূর্ণ কুরআনের অর্থ পড়ে নিতে হবে, যদি আগে না পড়ে থাকেন।
২. আরবীতে কুরআনের তেলাওয়াত শিখে নিন, যদি আগে না শিখে থাকেন।
৩. প্রতি ২/৩ বছরে একবার পুরো কুরআনের অর্থ পড়ুন।
৪. ৩/৪ বছরে সিরাতের (রাসুলের জীবনের) উপর ৩/৪টি বই পড়ুন।
৫. আগামী ২/৩ বছরে 'উসূল উল ফিকাহ' ২/৩ বার পড়ুন। এ বিষয়ে BIIT প্রকাশিত হাশিম কামালী লিখিত ইসলামী আইনের মূলনীতি (Principles of Islamic Jurisprudence) অথবা আমার লেখা উসূলের উপর ওয়েব সাইটে (iiitbd.org) বই পড়ুন।
৬. বোখারী এবং মুসলিম হাদিছের বইগুলো ব্যাখ্যাসহ পড়ুন।
৭. ১০/১৫টি খুব গুরুত্বপূর্ণ বই বাছাই করুন এবং আগামী ৪/৫ বছরে এগুলো কয়েকবার পড়ুন। তালিকার মধ্যে থাকতে পারে- আব্দুল হালিম আবু শুক্কাহ রচিত রাসুলের যুগে নারী স্বাধীনতা (Freedom of Women in Prophet's Time) ১ম খণ্ড, ড. কারাযাতীর লেখা সুন্নাহর সান্নিধ্যে (Approaching the Sunnah), আবদুল হামিদ আবু সুলায়মান লিখিত ও BIIT প্রকাশিত মুসলিম মানসের সঙ্কট (Crisis the Muslim Mind), ইসলাম ও আন্তর্জাতিক আইন (Islam and International Law)। আরো থাকতে পারে সাইয়েদ মওদুদীর লেখা খিলাফত ও রাজতন্ত্র, ড. কারাযাতীর লেখা আরো বই যেমন: Islamic Awakening between Rejection and Extremism, Priorities of Islamic Movement in the Coming Phase এবং তারিক রামাদান রচিত কিছু বই।
৮. আরো কিছু ইসলামী ও সাধারণ বই পড়তে হবে। কিন্তু এগুলো বার বার পড়তে হবে না, যদি না প্রয়োজন হয়। ইসলামী ইতিহাসের উপর কিছু বই পড়ুন।
৯. আগামী ৩/৪ বছরে ২/১ টি তাফসির পড়ে ফেলুন (সাইয়েদ মওদুদী রচিত তাফহীমুল কুরআন /সাইয়েদ কুতুব রচিত ফি যিলালিল কুরআন/ মুহাম্মাদ আসাদ রচিত The Message of the Quran)। ভালো জানেন এমন যে কেউ ৩/৫/১০ জনের ছোট গ্রুপ নিয়ে সাপ্তাহিক বা পাক্ষিক ক্লাস নিতে পারেন যাতে কুরআনের তাফসির, পালাক্রমে বই পড়া যেমন ড. জামাল বাদাবী রচিত কুরআন শিক্ষা সিরিজ (Islamic Teaching Course by Dr. Jamal Badawi), উসূলে ফিকাহ, ড. কারাযাতীর লেখা ইসলামে হালাল হারামের বিধান (The Lawful and Prohibited in Islam)। এসব ক্লাসে প্রশ্নোত্তরের অধিবেশনও থাকতে পারে। এই প্লানের ব্যাপারে আপনাদের কোনো প্রশ্ন থাকলে আমাকে লিখতে পারেন।

লেখক: সাবেক সচিব, বাংলাদেশ সরকার